বাগেরহাটে স্বেচ্ছাসেবক লীগের উদ্যোগে ঈদ উপহার বিতরণ

পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে বাগেরহাট-২ আসনের সংসদ সদস্য শেখ তন্ময়ের পৃষ্ঠপোষকতায় সদর উপজেলা স্বেচ্ছাসেবক লীগের উদ্যোগে ঈদ উপহার সামগ্রী বিতরণ করা হয়েছে। বিকেলে সদর উপজেলার ষাটগুম্বজ এলাকায় এই উপহার সমগ্রী বিতরনের উদ্বোধন করেন, বাগেরহাট সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও ষাটগুম্বুজ ইউপি চেয়ারম্যান শেখ আক্তারুজ্জামান বাচ্চু।

সদর উপজেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের সভাপতি ইমরান আহম্মেদ মনির সভাপতিত্বে উপহার সমগ্রী বিতরণ অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য দেন, সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক যাত্রাপুর ইউপি চেয়ারম্যান এমএ মতিন, আওয়ামী লীগ নেতা অ্যাড. সেলিম আজাদ, স্বেচ্ছাসেবক লীগের জেলা আহবায়ক মোস্তাফিজুর রহমান সোহেল, যুগ্ম-সাধারন সম্পাদক সরদার আব্দুল কাদের প্রমুখ।
পরে বাগেরহাট সদর উপজেলার সবকটি ইউনিয়নে এই উপহার সমগ্রী বিতরণ করা হয়।